গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনার (আপীল) এর কার্যালয়
কর আপীল অঞ্চল-১,ঢাকা
২য় ১২ তলা সরকারী ভবন(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.taxappealzone1dhaka.gov.bd

নথি নং ঃ প্রঃ/(নিয়োগ-২০২২)/২০২২-২০২৩/

২৭ আশ্বিন, ১৪২৯
তারিখ: ১২.১০.২০২২

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্বারক নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.৩৫২, তারিখ: ২৮-১২-২০২১ অনুযায়ী কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১, ঢাকা এর অধীনে শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে ঢাকা বিভাগের অন্তর্গত নিম্নে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে অনলাইনে **http://taz1.teletalk.com.bd** ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুয়ায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উচ্চমান সহকারী<br>(গ্রেড-১৪)<br>বেতন স্কেল-১০,২০০/- হতে ২৪,৬৮০/- | ০২ টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ এবং<br>গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, ফরিদপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ ও গোপালগঞ্জ।<br><br>তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিক আবেদন করতে পারবেন। |
| ২ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৪)<br>বেতন স্কেল-১০,২০০/- হতে ২৪,৬৮০/- | ০২ টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং<br>ঘ) সাটলিপি লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজী-৭০ ও বাংলা-৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজী-৩০ ও বাংলা-২৫ শব্দ। | |
| ৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>বেতন স্কেল ৯,৩০০/- হতে ২২,৪৯০/- | ০২ টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী ২০ এবং বাংলা ২০ শব্দ। | |
| ৪ | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল ৮,২৫০/- হতে ২০,০১০/- | ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | কিশোরগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, শরিয়তপুর, মাদারীপুর ও রাজবাড়ী।<br>তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিক আবেদন করতে পারবেন। |

CamScanner

আবেদন করার নিয়মাবলী/ শর্তাবলী :

# আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে :

১। সকল পদের ক্ষেত্রেই আবেদনকারীর বয়স ০১/১১/২০২২ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ: ২২/০৯/২০২২ প্রজ্ঞাপন মোতাবেক বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

২। প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কিংবা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। কর বিভাগে কর্মরত সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৪। সরকারী/আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোনো অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

৫। প্রার্থীর যোগ্যতা যাচাই:
মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত **(ক্রমিক ক হতে জ পর্যন্ত)** কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।

ঘ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ. জাতীয় পরিচয়পত্র (NID)।

চ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও (Admit Card)

ছ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

জ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমানক।

০৭। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৮। সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

০৯। নিয়োগের বিষয়ে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।

১০। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী এস,এম,এস এর মাধ্যমে জানানো হবে। এছাড়া কর আপীল অঞ্চলের নোটিশবোর্ড ও ওয়েবসাইটে www.taxappealzone1dhaka.gov.bd প্রকাশ করা হবে।

১১। লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১২। নিয়োগ বিজ্ঞপ্তিটি কর আপীল অঞ্চল-১, ঢাকার ওয়েব সাইট www.taxappealzone1dhaka.gov.bd তে পাওয়া যাবে।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শুন্য পদের সংখ্যা কর্তৃপক্ষ হ্রাস/বৃদ্ধি করতে পারে।

১৫। সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

CamScanner

১৭। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও আবেদনের সময়সীমা নিম্নরূপ :**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://taz1.teletalk.com.bd**ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/১১/২০২২ খ্রি, সকাল ৯:০০ ঘটিকা

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২১/১১/২০২২ খ্রি, বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।

iii. উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোন Teletalk pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ.Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র জমাদানের পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

**ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও ফি প্রদান :**Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Aplicant`s copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Aplicant`s copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো teletalk pre-paid মোবাইল নম্বর হতে ০২(দুই) টি SMS এর মাধ্যমে আবেদন ফি বাবদ ক্রমিক নং-১ থেকে ৩ পর্যন্ত প্রার্থীর জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকা সহ অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নং ৪ এর জন্য ১০০/- (একশত) টাকা ও teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকা সহ অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বার) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, Onlineএ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**SMS এর নিয়মাবলী :**

**প্রথম SMS :TAZ1**<space>**UserID**লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example:**TAZ1ABCDEF**
Reply: Applicant's Name, 112 or 56 Tk will be charged as Application fee. Your PIN is 12345678. To pay fee Type ..........<space>Yes<space>PIN and send to16222.

**দ্বিতীয় SMS :TAZ1**<space>**Yes**<space>**PIN**লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example:**TAZ1Yes 12345678**
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for ....... Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

CamScanner

চ. দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ. SMS- এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নেবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://taz1.teletalk.com.bdওয়েবসাইটে অথবা কর কমিশনার (আপীল) এর কার্যালয় www.taxappealzone1dhaka.gov.bd তথ্য বাতায়নে এবং প্রার্থীর মোবাইল ফোনে এস,এম,এস এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

ঞ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে :**

**TAZ1**<space>**Help**<space>**User**<space>**UserID**& send to16222.

Example: **TAZ1Help User ABCDEF**& send to 1622.

ii. **PIN Number জানা থাকলে :**

**TAZ1**<space>**Help**<space>**PIN**<space>**PIN No**& send to16222.

Example: **TAZ1Help PIN 12345678**& send to 16222.

ট. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঠ.বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.taxappealzone1dhaka.gov.bdওয়েবসাইটেhttp://taz1.teletalk.com.bdঅথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bdওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিতপদ/পদ সমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ড. Online- এ আবেদন করতে কোনো সমস্যা হলে, যেকোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও vas.query@teletalk.com.bd ও appealone@yahoo.com এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject Organization Name: **TAZ1**, Post Name..........., Applicant's User ID contact number অবশ্যই উল্লেখ করতে হবে)। *** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

CS CamScanner

*** ডিক্লারেশন :** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমন কি নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(মোঃ আব্দুল মালেক)
উপ কর কমিশনার (অতিরিক্ত দায়িত্ব)
সদর দপ্তর (প্রশাসন)
কর আপীল অঞ্চল-১, ঢাকা।
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর আপীল অঞ্চল-১, ঢাকা।

CamScanner